



Help Line No.: 9593559197, 9593559183
Technical Help Line No.: 9593559197

(Whatsapp ও করতে পারবেন)

ছায়া শিল্প সংস্কৃতি, পুরুলিয়া

প্রতিযোগিতার নিয়মাবলী :

১। প্রতিযোগীরা <https://chhayasilpasanskritipurulia.co.in/> ওয়েবসাইটে ০১-০৩-২০২৫ রাত ১২ টার পর থেকে ৩০-০৪-২০২৫ রাত ১২ টার আগে পর্যন্ত তাদের নিবন্ধিকরণ (Registration) করতে পারবেন।

২। নিবন্ধিকরণ (Registration) শুরু করার আগে নিম্নলিখিত প্রস্তুতি নিন:

- প্রবেশ মূল্য ১০০/- টাকা। প্রবেশ মূল্য দেবার জন্য সংস্থা নির্দিষ্ট QR Code (ওয়েবসাইট এর প্রথম পাতায় পাবেন) স্ক্যান (Scan) করুন ও প্রবেশ মূল্য দেবার প্রমাণপত্র রাখুন। প্রবেশ মূল্য দেবার জন্য যে কোনো Digital Wallet & Online Payment App (যেমন BHIM, Phonepe, Google Pay, Paytm, Amazon Pay, PayPal, MobiKwik, PayUmoney etc) ব্যবহার করতে পারবেন।
- প্রতিযোগীর সাম্প্রতিকতম ফটো (Current Photo) প্রস্তুত রাখুন।
- প্রতিযোগীর বয়সের প্রমাণপত্র প্রস্তুত রাখুন।
- প্রবেশ মূল্য, ফটো ও বয়সের প্রমাণপত্র গুলির ফাইল সাইজ (file size) ৫০০ কেবির (500 KB) মধ্যে রাখতে হবে। যে কোনো ইমেজ ফাইল ফরম্যাট (image file format) এ (যেমন jpg, jpeg, png etc) উক্ত তথ্য গুলি আপনি প্রস্তুত করতে পারবেন।
- গানের ভিডিও (Video)টি সর্বোচ্চ ৫ মিনিট সময়সীমার ভিতর প্রস্তুত রাখুন। যে কোনো ভিডিও ফাইল ফরম্যাট (video file

format) এ (যেমন mp4, mov, wmv, avi etc) ভিডিওটি (video) আপনি প্রস্তুত করতে পারবেন ।

৩। প্রতিযোগীরা বয়সের উপর ভিত্তি করে নিচের তালিকা থেকে নির্দিষ্ট গানটি জেনে নিন অথবা এই <https://chhayasilpasanskritipurulia.co.in/> ওয়েবসাইট টি খুলে Online Competition এ Click করুন ও Age, Section & Song Calculator এ Click করে আপনার জন্ম তারিখ দিয়ে আপনার জন্য নির্দিষ্ট বিভাগ ও গানটি সঠিকভাবে জেনে নিন ।

প্রতিযোগিতার বিভাগসমূহঃ

- বিভাগ 'ক' : (বয়স ৯ বছর থেকে ১৪ বছর, গান: 'আলো আমার আলো ওগো' - স্বরবিতান দশম খন্ড)
- বিভাগ 'খ' : (বয়স ১৪ বছরের উর্ধ্ব থেকে ১৯ বছর , গান: 'জগত জুড়ে উদার সুরে' - স্বরবিতান নবম খন্ড)
- বিভাগ 'গ' : (বয়স ১৯ বছরের উর্ধ্ব থেকে ২৫ বছর , গান: 'তুমি কেমন করে গান করো হে গুনি'-স্বরবিতান প্রথম খন্ড)
- বিভাগ 'ঘ' : (বয়স ২৫ বছরের উর্ধ্ব, গান: 'আলোকেরই ঝর্না ধারায়'-স্বরবিতান তৃতীয় খন্ড)

৪। গানের স্বরলিপি সংস্কার ওয়েবসাইটে দেওয়া আছে, উক্ত স্বরলিপিকে মান্যতা দিতে হবে ।

৫। গানের নির্দিষ্ট স্বরলিপি ব্যতিত গানের শুরুতে, মাঝে বা শেষে অন্য কোনো সুরের ব্যবহার করা যাবে না । গানের কোনো অংশে প্রিলিউড (prelude) বা ইন্টারলিউড (interlude) এর ব্যবহার করা যাবে না ।

৬। তবলা সহযোগে প্রতিযোগীকে নিজে হারমোনিয়াম অথবা তানপুরা বাজিয়ে গান পরিবেশন করতে হবে । প্রতিযোগী ইচ্ছে করলে হারমোনিয়ামে 'সা পা' বাজিয়ে গান করতে পারবেন । হারমোনিয়াম অথবা তানপুরা বাজাবার জন্য অন্য কারোর সাহায্য নেওয়া যাবে না । তবলা বাদকের সাহায্য অবশ্যই নিতে

হবে । খালি গলায় গান করা যাবে না । হারমোনিয়াম/ তানপুরা এবং তবলা ব্যতীত অন্য কোনো যন্ত্র বা ইলেকট্রনিক (electronic) কোনো যন্ত্র ব্যবহার করা যাবে না । গানের সময় মাইক্রোফোন (microphone) বা মাইক (mike) বা কোনো প্রকার সাউন্ড সিস্টেম (sound system) এর ব্যবহার করা যাবে না ।

৭। গানের ভিডিও (video) টি ল্যান্ডস্কেপ মোডে (landscape mode) রেকর্ডিং (recording) করতে হবে । কোনো রকম সাউন্ড এফেক্ট (sound effect) যেমন রিভার্ব (reverb), ডিলে(delay) ব্যবহার করা যাবে না । ভিডিও এডিটিং সফটওয়্যার (video editing software) এর ব্যবহার কোঠরভাবে নিষিদ্ধ ।

৮। ০৪/০৫/২০২৫ তারিখে সংস্থার ওয়েবসাইটে (website) প্রতিযোগিতার চূড়ান্ত ফলাফল ঘোষণা করা হবে ।

৯। প্রতিযোগিতার ফলাফলের ক্ষেত্রে বিচারকদের সিদ্ধান্তই চূড়ান্ত ।

১০। প্রত্যেক প্রতিযোগিই বিচারকদের মন্তব্য সহ (যদি কিছু মন্তব্য করেন) বিস্তৃত ফলাফল ও ক্রম (Result and Rank) জানতে পারবেন ।

১১। প্রতিযোগিতায় অংশগ্রহণকারী প্রত্যেক বৈধ প্রতিযোগিই সংস্থার পক্ষ থেকে অংশগ্রহণজনিত ই-সার্টিফিকেট (participation e-certificate) পাবেন ।

১২। প্রতিযোগিতার প্রতিটি বিভাগের প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানাধিকারী প্রতিযোগিদের সংস্থার পক্ষ থেকে একটি সুদৃশ্য সার্টিফিকেট (certificate) ও পুরস্কার প্রদান করা হবে ।

১৩। প্রতিযোগিতার প্রতিটি বিভাগের প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানাধিকারী প্রতিযোগিদের সংস্থার ১৬৪ তম রবীন্দ্র জয়ন্তী উদযাপন অনুষ্ঠানে সরাসরি সঙ্গীত পরিবেশনের সুযোগ পাবেন ।

১৪। প্রতিযোগিতার প্রতিটি বিভাগের প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানাধিকারী প্রতিযোগিরা সংস্থার ১৬৪ তম রবীন্দ্র জয়ন্তী উদযাপন অনুষ্ঠানে তাদের সার্টিফিকেট (certificate) ও পুরস্কার গ্রহণ করতে পারেন নতুবা সফল প্রতিযোগিদের ঠিকানায় উক্ত সার্টিফিকেট (certificate) ও পুরস্কার নিখরচায় পাঠিয়ে দেওয়া হবে ।

১৫। প্রতিযোগিতায় নিবন্ধিকরণ (Registration) সহ অন্যান্য তথ্য জানার পদ্ধতি জানতে সংস্থার ওয়েবসাইটে Operational Guideline (ব্যবহারিক নির্দেশাবলী)টি অনুসরণ করুন ।

১৬। কোনো প্রকার সমস্যার সম্মুখীন হলে আমাদের সাহায্যকারী দূরভাষ নম্বরে যোগাযোগ করুন বা Whatsapp করুন ।

১৭। একান্তই যদি প্রযুক্তিগত কোনো সমস্যার জন্য আপনি নিবন্ধিকরণ (Registration) করতে ব্যর্থ হন, তাহলে আমাদের Technical Help Line নম্বরে আপনার নাম, বাবা/মা/স্বামীর নাম, ঠিকানা, মোবাইল নম্বর, হোয়াটসঅ্যাপ নম্বর, জন্ম তারিখ, প্রবেশ মূল্য দেবার প্রমাণপত্র, সাম্প্রতিকতম ফটো, বয়সের প্রমাণপত্র, গানের ভিডিও টি নির্দিষ্ট সময়সীমার মধ্যে পাঠিয়ে দিন । সংস্থার পক্ষ থেকে আপনার নিবন্ধিকরণ (Registration) করে দেওয়া হবে ।

ধন্যবাদ